

## দ্বাদশ অধ্যায়: বাংলাদেশ ও বিশ্ব

### ▶ যোগ্যতাভিত্তিক কাঠামোবন্দ্ব প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালের ২৪এ অক্টোবর একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? সংস্থাটির কতটি শাখা রয়েছে? সংস্থাটি গঠনের প্রধান তিনটি উদ্দেশ্য লেখ। /প্রা.শি.স.প. ২০১৫/ ১+১+৩=৫

উত্তর: সংস্থাটির নাম জাতিসংঘ।

জাতিসংঘের ৬টি শাখা রয়েছে।

জাতিসংঘের প্রধান তিনটি উদ্দেশ্য হলো—

১. বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা।
২. বিভিন্ন জাতি তথা দেশের মধ্যে সম্প্রীতি স্থাপন করা।
৩. অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে বিভিন্ন দেশের মধ্যে সহযোগিতা গড়ে তোলা।

প্রশ্ন-খ. জাতিসংঘের একটি সংস্থা রয়েছে যার সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। সংস্থাটির নাম কী? সংস্থাটি সম্পর্কে চারটি বাক্য লেখ।

১+৪=৫

উত্তর: সংস্থাটির নাম ইউনেস্কো।

ইউনেস্কো সম্পর্কে চারটি বাক্য—

১. ইউনেস্কো জাতিসংঘের শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক সংস্থা।
২. এটি বিভিন্ন রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়ন, বিকাশ ও সংরক্ষণের জন্য কাজ করে।
৩. এটির উদ্যোগে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে।
৪. বাংলাদেশের সুন্দরবন, পাহাড়পুরসহ প্রত্নতাত্ত্বিক নিদর্শন রক্ষায় ইউনেস্কো সহযোগিতা করছে।

প্রশ্ন-গ. ১৯৮৫ সালে দক্ষিণ এশিয়ায় একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? এর সর্বশেষ সদস্য কবে যুক্ত হয়? সংস্থাটির তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ।

১+১+৩=৫

উত্তর: সংস্থাটির নাম সার্ক।

২০০৭ সালে আফগানিস্তান সার্কের সর্বশেষ সদস্য হিসেবে যুক্ত হয়।

সার্কের তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য হলো—

১. দেশগুলোর মধ্যে ভ্রাতৃত্ব সৃষ্টি ও পরস্পর মিলেমিশে চলা।
২. সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক অবস্থার দ্রুত উন্নয়ন করা।
৩. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সহযোগিতাপূর্ণ সম্পর্ক তৈরি করার মাধ্যমে দেশগুলোর উন্নয়ন সাধন করা।

► সাধারণ কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঘ. ইউএনডিপি কী? ইউএনডিপি'র চারটি কাজ উল্লেখ করো।

১+৪=৫

উত্তর: ইউএনডিপি জাতিসংঘের উন্নয়নমূলক সংস্থা। ইউএনডিপি'র চারটি কাজ হলো—

- i. ইউএনডিপি'র মূল কাজ হলো বিশ্বের বিভিন্ন দেশের উন্নয়নে কাজ করা।
- ii. জাতিসংঘ যে কাজ করে তার সমন্বয় সাধন করা।
- iii. ইউএনডিপি বাংলাদেশে পরিবেশ উন্নয়নে কাজ করে।
- iv. ইউএনডিপি বাংলাদেশে দারিদ্র্য বিমোচন কাজ করে।

প্রশ্ন-ঙ. সার্ক কী? সার্কের পাঁচটি উদ্দেশ্য লেখ। /প্রা.শি.স.প. ২০১৬/

৫

উত্তর: সার্ক দক্ষিণ এশীয় স্বাধীন ও উন্নয়নমূলক সংস্থা।

সার্কের পাঁচটি উদ্দেশ্য—

১. সদস্য দেশগুলোকে বিভিন্ন বিষয়ে আত্মনির্ভরশীল হতে সাহায্য করা।
২. দেশগুলোর মধ্যে ভ্রাতৃত্ব সৃষ্টি ও পরস্পর মিলেমিশে চলা।
৩. সদস্য দেশগুলোর স্বাধীনতা রক্ষা ও ভৌগোলিক সীমা মেনে চলা।
৪. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সহযোগিতাপূর্ণ সম্পর্ক তৈরি করার মাধ্যমে উন্নয়ন সাধন করা।
৫. সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার দ্রুত উন্নয়ন করা।